

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা
www.bomd.gov.bd

খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী উদ্ভাবনী কার্যক্রম/উদ্যোগ বাস্তবায়ন পরিবীক্ষণের বিষয়ে
ডিসেম্বর, ২০২০ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ নুরুন্নবী, মহাপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
তারিখ : ২৭.১২.২০২০ খ্রি.
সময় : সকাল ১১.০০ টা
স্থান : বিএমডির সভা কক্ষ
উপস্থিত সদস্য : পরিশিষ্ট-ক


বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী উদ্ভাবনী কার্যক্রম/উদ্যোগ বাস্তবায়ন পরিবীক্ষণ বিষয়ে আলোচনার লক্ষ্যে বিএমডির উদ্ভাবনী কার্যক্রম/উদ্যোগ বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটির সভাপতি জনাব মোঃ নুরুন্নবী, মহাপরিচালক-এর সভাপতিত্বে বিএমডির সভা কক্ষে একটি সভা অনুষ্ঠিত হয়।

২.০ আলোচনা :

২.১ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। ইনোভেশন টিমের সদস্য সচিব জনাব আজিজুল হক বলেন যে, বিএমডির ২০২০-২০২১ অর্থবছরে উদ্ভাবনী কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের নিমিত্ত সকল কর্মকর্তা-কর্মচারীর নিকট হতে গত ০৪.১০.২০২০ খ্রি. তারিখে উদ্ভাবনী উদ্যোগ আহ্বান করা হয়। উক্ত আহ্বানের প্রেক্ষিতে কর্মকর্তা-কর্মচারীগণ তাঁদের স্ব স্ব উদ্ভাবনী উদ্যোগ/ধারণা দাখিল করেন। দাখিলকৃত উদ্ভাবনী উদ্যোগ/ধারণাসমূহ যাচাই-বাছাই শেষে ২০২০-২০২১ অর্থবছরে বিএমডি কর্তৃক নিম্নোক্ত উদ্ভাবনী উদ্যোগসমূহ বাস্তবায়নের বিষয়ে সবাই একমত পোষণ করেন।


১. মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগ ও আপিল বিভাগে দায়েরকৃত 'বিএমডি সংক্রান্ত মামলাসমূহ ডিজিটাল রেজিস্টার/আর্কাইভে সংরক্ষণ;
২. ল্যানভিত্তিক ফটোকপি পদ্ধতি চালুকরণ; এবং
৩. ফ্রন্ট ডেস্ক/অপেক্ষাগারে একটি কিয়স্ক (Kiosk) মেশিন স্থাপনের মাধ্যমে 'নাগরিক সেবা (সিটিজেন চার্টার) প্রদর্শন।

সভাপতি গৃহীত উদ্ভাবনী উদ্যোগসমূহ বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে জানতে চাইলে জানানো হয়, ৩১.১২.২০২০ খ্রি. তারিখের মধ্যে ল্যানভিত্তিক ফটোকপি পদ্ধতি চালুকরণের সময়সীমা ছিল। সভাপতি কার্যক্রমটির অগ্রগতি সম্পর্কে জানতে চাইলে সদস্য সচিব জানান যে, নির্ধারিত সময়ের মধ্যেই পরিকল্পনাটি বাস্তবায়ন করা হয়েছে। সভাপতি এতে সন্তোষ প্রকাশ করেন এবং অবশিষ্ট কর্মপরিকল্পনাগুলো যথাসময়ে বাস্তবায়নের ব্যাপারে নির্দেশনা প্রদান করেন।


২৭/১২/২০২০

৩.০ সিদ্ধান্ত : ৩১.০৩.২০২১ খ্রি. তারিখের মধ্যে মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগ ও আপিল বিভাগে দায়েরকৃত 'বিএমডি সংক্রান্ত মামলাসমূহ ডিজিটাল রেজিস্টার/আর্কাইভ সংরক্ষণ বাস্তবায়ন।

৪.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।


২৭/১২/২০২০.

মোঃ নুরুন্নবী

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন : ৮৩৯১৫৬৭

ফ্যাক্স : ৯৩৩৪২১৫

ই-মেইল : dg@bomd.gov.bd

স্মারক নং : ২৮.০৭.০০০০.০০৪.৩৭.০০১.১২(অংশ-২). ৬০২(খ)

তারিখ: ৩২ পৌষ ১৪২৭
২৭ ডিসেম্বর ২০২০

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে

১। সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (দৃ.আ. চিফ ইনোভেশন অফিসার, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ);

২। কর্মকর্তা (সকল).....বিএমডি, ঢাকা;

৩। সংশ্লিষ্ট নথি।